

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-স্বাপকম/প্রশা-১/এডি/২সি-১/৯৫/ ১৪৪ ৯

তারিখঃ ১৮/০৯/২০১৪ খ্রিষ্টাব্দ  
০৩/০৬/১৪২১ বঙ্গাব্দ

বিষয়ঃ পটুয়াখালী ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের রাজস্ব ও অস্থায়ী রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ পূরণের লক্ষ্যে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

- সূত্রঃ (১) পটুয়াখালী ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের স্মারক নং-২৫০ শবিহা/পটুয়া/১৪/৯৭৩, তারিখঃ ২৫/০৬/২০১৪ খ্রিঃ।  
(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- স্বাপকম/প্রশা-১/এডি/২সি-১/৯৫/৯৭৪, তারিখঃ ১৫/০৭/২০১৩ খ্রিঃ।  
(৩) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- স্বাপকম/প্রশা-১/এডি/২সি-১/৯৫/৫০০, তারিখঃ ১০/০৪/২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে পটুয়াখালী ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের স্থায়ী রাজস্ব ও অস্থায়ী রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির মোট (১৩+৮)টি = ২১টি শূন্য পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে ছাড়পত্রের মেয়াদ আগামী ৩১/১২/২০১৪ পর্যন্ত বৃদ্ধিসহ পুনঃ বিজ্ঞপ্তির মাধ্যমে এবং উক্ত শূন্যপদসমূহে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে ও পদোন্নতিযোগ্য পদে সরাসরি নিয়োগ করা যাবে না মর্মে শর্ত আরোপ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হল।

তবে, পূর্বে যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের আবেদন বাতিল না করে তাদের ক্ষেত্রে পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই মর্মে উল্লেখ করে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করতে হবে।

২। উল্লেখ্য, নিয়োগের ক্ষেত্রে সকল বিধি বিধান অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই বদলিজনিত কারণে শূন্য ও পদোন্নতিযোগ্য পদে সরাসরি নিয়োগ দেয়া যাবে না। প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যা কোন গড়মিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সে ক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী কর্মকর্তা ও নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

  
(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
sasadmin1@mohfw.gov.bd

তত্ত্বাবধায়ক

পটুয়াখালী ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল  
পটুয়াখালী।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। [নিয়োগ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনসহ স্বচ্ছতার বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ]।  
২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৩। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।